# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : ১ ১ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | মান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ হামিম সাহেব একজন প্রভাবশালী ব্যবসায়ী। তিনি নিয়মিত সালাত আদায় করেন না। একদিন তিনি তার বন্ধু রফিক সাহেবকে বললেন, আমি পীর মুর্শিদের নামের সাহায্যে ব্যবসায়ে উন্নতি লাভ করেছি। সব কিছু শুনে বন্ধু রফিক সাহেব তাকে বললেন, দোস্ত তোমার এ বিশ্বাস ঠিক না। ব্যবসায়ের উন্নতি দানের মালিক একমাত্র আল্লাহ তায়ালা। তিনি এক এ অদ্বিতীয়। একমাত্র তাকেই আমাদের বিশ্বাস করা উচিত।

ক. ইসলাম অর্থ কী? ১

খ. কুফর বলতে কী বুঝ? বুঝিয়ে লেখ। ২

গ. রফিক সাহেবের কথায় কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. হামিম সাহেবের বিশ্বাসের পরিণতি কুরআন হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. ▶ জনাব নজরুল সাহেব একজন সৎ পুলিশ কর্মকর্তা। তিনি ঘুষ গ্রহণ করেন না এবং কোন প্রকার দুর্নীতিও করেন না। কারণ তিনি পরকালে বিশ্বাস করেন। পক্ষান্তরে, আসিফ সাহেব প্রচণ্ড ঘুষখোর। প্রচণ্ড দুর্নীতি করেন তিনি। বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে নিজের মতো করে জীবনকে উপভোগ করে চলেছেন তিনি।

ক. কিয়ামত অর্থ কী? ১

খ. নবী রাসূল প্রেরণের উদ্দেশ্য বুঝিয়ে লেখ। ২

গ. কোন বিশ্বাস নজরুল সাহেবের জীবনকে সুন্দর করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আসিফ সাহেবের কর্মকাণ্ডের পরকালীন পরিণতি বিশ্লেষণ কর। ৪

৩. ▶ মুবিন সাহেব সবেমাত্র অফিস থেকে বাসায় ফিরেছেন। একজন ভিক্ষুক তখন তার দরজায় হাক দিলে মুবিন সাহেবের স্ত্রী বিরক্ত হয়ে দরজা খুলে ভিক্ষুককে দূরদূর করে তাড়িয়ে দেন। মুবিন সাহেব তখন তার স্ত্রীকে ডেকে বললেন, 'তুমি কাজটি ঠিক করলে না। তোমার সুরা আদ-দুহা ভালভাবে অধ্যয়ন করা উচিত। কেননা এটি তোমাকে সঠিক পথ প্রদর্শন করবে।'

ক. সুরা আশ-শামস কোথায় অবতীর্ণ হয়? ১

খ. কুরআন নামের যথার্থতা বুঝিয়ে লেখ। ২

গ. মুবিন সাহেবের স্ত্রী সুরা আদ-দুহার কোন শিক্ষাকে লঙ্ঘন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুবিন সাহেবের উক্তিটির যথার্থতা সংশ্লিষ্ট সুরার অন্যান্য শিক্ষার আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৪.▶ রহমতপুর গ্রামে আরিফ ও রতনের মধ্যে সংঘর্ষ হলে আরিফ প্রাণ ভয়ে পাশের পারভেজ সাহেবের কাছে আশ্রয় চায়। কিন্তু পারভেজ সাহেব আরিফকে আশ্রয় না দিয়ে রতনের হাতে তুলে দেয়। ঘটনাটি জানার পর ইমাম সাহেব পারভেজ সাহেবকে নিম্নোক্ত হাদিসটি পাঠ করে শোনান। "এক মুসলমান অপর মুসলমানের ভাই। যে না পারে তার ওপর জুলুম করতে আর না পারে শত্রুর হাতে তুলে দিতে। যতক্ষণ পর্যন্ত কোন মুসলমান তার ভাইয়ের সাহায্যে রত থাকে ততক্ষণ পর্যন্ত আল্লাহ তাকে সাহায্য করতে থাকে।"

ক. হাদিসের মূল বক্তব্যকে কী বলে? ১

খ. 'হিজরী তৃতীয় শতক হাদিস সংকলনের স্বর্ণযুগ' বুঝিয়ে লেখ। ২

গ. পারভেজ সাহেবের কাজটি কীরূপ হয়েছে? সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. অধুনা বিশ্বে মুসলিম উম্মার ঐক্য প্রতিষ্ঠায় উদ্দীপকে উল্লিখিত হাদিসের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫.▶ আসিফ সাহেব একজন বড় ব্যবসায়ী। ব্যবসা সংক্রান্ত কর্মকাণ্ডে তার সততা ও সফলতার কথা সবার মুখে মুখে। ব্যবসা ও পারিবারিক কাজের বাইরে তার কার্য তালিকায় আর কোনো কাজ নেই। তারই প্রতিবেশী মিজান সাহেব সালাত, সাওম ও যিকর আযকার নিয়ে সম্পূর্ণ দিন অতিবাহিত করেন। পরিবার, প্রতিবেশী ও আত্মীয় স্বজনের প্রতি তার কোনো খেয়ালই নেই। তিনি নিজেকে একজন পূর্ণ মুসলমান মনে করেন।

ক. হাক্কুল ইবাদ অর্থ কী? ১

খ. সালাতের দুটি সামাজিক উপকারিতা বুঝিয়ে লেখ। ২

গ. আসিফ সাহেবের কর্মকাণ্ডে কার হক অনুপস্থিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিজান সাহেব সত্যিই কি একজন পূর্ণ মুসলমান? তোমার উত্তরের পক্ষে যুক্তি তুলে ধর। ৪

৬.▶ আনিস ও ফাহিম উভয়ই বিজ্ঞান বিভাগ থেকে ইন্টারমিডিয়েট পাস করার পর এম, বি, বি, এস. পড়ার জন্য ঢাকা মেডিকেলে ভর্তি হয়েছে। আনিসের আচরণ নৈতিকতা গুণে সমৃদ্ধ। পক্ষান্তরে, ফাহিমের মাঝে নৈতিকতা গুণের অনুপস্থিতি লক্ষ করা যায়। আনিস ফাহিককে বলে, ইসলামী জীবন ব্যবস্থায় নৈতিকতার গুরুত্ব অপরিসীম।

ক. জিহাদ অর্থ কী? ১

খ. শিক্ষকদের শ্রদ্ধা করা কিসের শামিল? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আনিসের নৈতিক দিকগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. অনুচ্ছেদে উল্লিখিত আনিসের প্রদত্ত উক্তিটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭. ▶ মারুফ সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। তার টাকার কোন অভাব নেই। তবে অভাব আছে খোদাভীতির। মিথ্যা বলতে তার বিবেকে একটুও বাধে না। টাকার লোভে সে যে কোনো অপকর্ম করতে পরোয়া করে না। তার এ ধরনের বেপরোয়া জীবনযাপনে উদ্বিগ্ন পিতা একদিন তাকে ডেকে বললেন, "বাবা! মহান আল্লাহ তায়ালাকে ভয় করে তাঁর আদেশ নিষেধ মেনে দায়িত্বশীল জীবনযাপন করা আমাদের কর্তব্য।"

ক. সত্যবাদিতার আরবি প্রতিশব্দ কী? ১

খ. ইসলামে অশালীন জীবনযাপন নিষিদ্ধ কেন? ২

গ. কোন সৎ গুণের অভাব মারুফ সাহেবকে এমন বেপরোয়া জীবনযাপনে আকৃষ্ট করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মারুফ সাহেবের পিতা যে দায়িত্বশীল জীবনযাপনের প্রতি গুরুত্বারোপ করেছেন তা বিশ্লেষণ কর। ৪

৮. ▶ কিছু তরুণ একটি মেয়েকে উত্তক্ত করছিল। তা দেখে হাসান তাদের নিষেধ না করে পাশ কাটিয়ে চলে গেল। এমন সময় জামান সেখানে উপস্থিত হলো। সে তাদের সালাম দিয়ে আলাপ জমানোর চেষ্টা করল। সে তাদের বুঝিয়ে বলল, এ কাজ ধর্ম, আইন ও নৈতিকতা বিরোধী। এতে নিজের মা বোনের ইজ্জত নষ্ট করা হয়। তরুণরা এরপর এ ধরনের আচরণ করবে না বলে ওয়াদা করে।

ক. 'তাজকিয়াতুন নাফস' এর অর্থ কী? ১

খ. কর্মবিমুখতা বলতে কী বোঝায়? ২

গ. হাসানের কাজটি ইসলামী শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "নৈতিক অবক্ষয় রোধে জামানের মতো ভূমিকা পালনই ইসলামের দাবি।" উদ্দীপক ও তোমার পাঠ্য বইয়ের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯. ▶ জাহেলী যুগে কুরাইশ বংশের শিক্ষিত ব্যক্তিদের মধ্যে এ মহান ব্যক্তি ছিলেন অন্যতম। সে সময়ে গোটা আরবে তাঁর সুনাম ছড়িয়ে পড়েছিল। মুসলিম জাহানের খলিফা নিযুক্ত হবার পর তিনি জনগণের দুঃখ দুর্দশা দূর করা এবং সুখ শান্তি বিধানে সচেষ্ট হন। প্রজাদের অবস্থা স্বচক্ষে দেখার জন্য তিনি ছদ্মবেশে মদিনার রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াতেন। নিজের মাথায় খাদ্যের বোঝা বহন করে ক্ষুধার্ত প্রজাদের বাড়ি পৌঁছে দিতেন।

ক. কত বছর বয়সে হযরত উসমান (রা) ইসলাম গ্রহণ করেন? ১

খ. হযরত আবু বকর (রা) সিদ্দিক উপাধিতে ভূষিত হন কেন? ২

গ. উদ্দীপকে মহান ব্যক্তি বলতে কাকে বোঝানো হয়েছে? ন্যায় বিচার প্রতিষ্ঠার স্বার্থে তিনি যেসব পদক্ষেপ গ্রহণ করেছিলেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত "এ মহান ব্যক্তি ছিলেন জনদরদী খলিফা" উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট

# ইসলাম ও নৈতিক শিক্ষা
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. সচ্চরিত্রের মূল সঞ্জীবনী শক্তি কী?
ⓚ তাকওয়া ⓚ আদল
ⓖ আহদ ⓖ আমানত

১. সচ্চরিত্রের মূল সঞ্জীবনী শক্তি কী?

(ক) তাকওয়া (খ) আদল (গ) আহদ (ঘ) আমানত

২. নিকট আত্মীয়কে দান করলে কয় দিক রক্ষা হয়?

(ক) দুই (খ) তিন (গ) চার (ঘ) পাঁচ

৩. "তাহলে আমি আমার নিজের বিবেক বুদ্ধি প্রয়োগ করে সিদ্ধান্ত গ্রহণ করব।" মুয়াজ ইবনে যাবালের এ উক্তিটিতে শরীয়তের কোন উৎসের প্রতি ইঙ্গিত করা হয়েছে?

(ক) কুরআন (খ) সুন্নাহ (গ) ইজমা (ঘ) কিয়াস

৪. যে ব্যক্তি নিফাকী কাজ করে তাকে কী বলে?

(ক) কাফির (খ) মুনাফিক (গ) মুশরিক (ঘ) ফাসিক

৫. সেলিম টাকার অভাবে কলেজে ভর্তি হতে পারছে না দেখে জনাব কালাম তাকে কলেজে ভর্তির ব্যবস্থা করে দেন। এর মাধ্যমে তিনি কার হক আদায় করেছেন?

(ক) আল্লাহর (খ) ইয়াতিমের (গ) অসহায়ের (ঘ) প্রতিবেশীর

৬. পবিত্র কুরআনে কে হরকত সংযোজন করেন?

(ক) হযরত আবু বকর (রা)
(খ) হযরত উসমান (রা)
(গ) উমর ইবনে আবদুল আযীয
(ঘ) হাজ্জাজ ইবনে ইউসুফ

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :
জনাব রাশেদ তাওহিদের একনিষ্ঠ অনুসারী জীবনে তিনি কখনও কোন প্রাকৃতিক শক্তির নিকট মাথানত করেন নি।

৭. জনাব রাশেদ তার কর্মকাণ্ডে কী থেকে মুক্ত হয়েছেন?

(ক) কুফর (খ) শিরক (গ) নিফাক (ঘ) ফিসক

৮. জনাব রাশেদের কর্মকাণ্ডের ফলে তার মধ্যে জাগ্রত হয়েছে—

i. আত্মমর্যাদাবোধ
ii. আত্মঅহংকারবোধ
iii. আত্মতৃপ্তিবোধ

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii (গ) iii (ঘ) i, ii ও iii

৯. 'সাফা' শব্দের অর্থ কী?

(ক) পরিচ্ছন্নতা (খ) পবিত্রতা (গ) বিশুদ্ধতা (ঘ) শালীনতা

১০. মহানবি (স) তাঁর মক্কা জীবনে কীসের বাণী সবচেয়ে বেশি প্রচার করেছেন?

(ক) একত্ববাদ ও পরকালের
(খ) হালাল ও হারাম
(গ) ব্যবসায় ও বাণিজ্য
(ঘ) হিজরত ও জিহাদ

১১. 'হাশর' শব্দের অর্থ কী?

(ক) সমাবেশ (খ) মহাসমাবেশ (গ) প্রান্তর (ঘ) মহাপ্রান্তর

১২. কোন যুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের জন্য মুসলমানদের চরম মূল্য দিতে হয়েছিল?

(ক) খন্দক (খ) খায়বার (গ) তাবুক (ঘ) উহুদ

১৩. মৃত ভাইয়ের মাংস খাওয়াকে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে?

(ক) গিবত (খ) প্রতারণা (গ) হিংসা (ঘ) ফিতনা

১৪. মাদানী সূরার বৈশিষ্ট্য হচ্ছে—

i. মুনাফিকদের ষড়যন্ত্রের প্রকাশ
ii. হালাল হারামের বর্ণনা
iii. তাওহিদের প্রতি আহ্বান

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৫. সামিয়া একজন বড় কর্মকর্তার স্ত্রী হয়েও সংসারের সব কাজ নিজ হাতে করেন। তিনি কোন খলিফার স্ত্রীর অনাড়ম্বর জীবনযাপনকে অনুসরণ করেছেন?

(ক) হযরত আবু বকর (রা)
(খ) হযরত উমর (রা)
(গ) হযরত উসমান (রা)
(ঘ) হযরত আলী (রা)

১৬. যাকাত দানের মুখ্য উদ্দেশ্য হচ্ছে দরিদ্রদের—

(ক) অবস্থার পরিবর্তন করা
(খ) ধনী করে দেওয়া
(গ) বিত্তশালী করা
(ঘ) শিক্ষিত করে দেওয়া

১৭. "তুমি তাদের প্রতি উহ! শব্দটিও উচ্চারণ করো না।" উক্তিটি কাদের সম্পর্কে বলা হয়েছে?

(ক) পিতামাতার (খ) ইয়াতিমের (গ) অসহায়দের (ঘ) নিঃস্বদের

নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :
মোয়াদ সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি একটি অভিজাত এলাকায় বসবাস করলেও নিজ সন্তানকে ইচ্ছাকৃতভাবে সুশিক্ষা প্রদান করা থেকে বিরত থাকেন। ফলে তারা বিভিন্ন অপরাধে লিপ্ত হয়।

১৮. মোয়াদ সাহেবের কাজে কিসের চিহ্ন ফুটে উঠেছে?

(ক) কিযব (খ) শিরক (গ) নিফাক (ঘ) যুলুম

১৯. উপর্যুক্ত কাজের ফলে মোয়াদ সাহেব হারাবে—

i. মান-মর্যাদা
ii. আমানতদারি
iii. বিশ্বাস

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

http://teachingbd.com

২০. 'ওয়াদা পালন' এর আরবি প্রতিশব্দ কী?
ক) আহদ  খ) আদল
গ) আমানত  ঘ) সিদক

২১. হযরত ইদ্রিস (আ) এর উপর কতখানা সহিফা নাযিল হয়?
ক) ১০ খানা  খ) ৩০ খানা
গ) ৫০ খানা  ঘ) ১০০ খানা

২২. হযরত হাফসা (রা) এর পিতার নাম কী?
ক) হযরত আবু বকর (রা)
খ) হযরত উমর (রা)
গ) হযরত উসমান (রা)
ঘ) হযরত আলী (রা)

২৩. কোন চিকিৎসা বিজ্ঞানী গ্রিকদের চেয়েও উন্নত পন্থায় অস্ত্রোপচার করতেন?
ক) হাসান ইবনে হাইসাম
খ) আলী তাবারী
গ) আবু বকর আল রাযি
ঘ) ইবন সীনা

২৪. জামিউল কুরআন উপাধি কার?
ক) হযরত আবু বকর (রা)
খ) হযরত উমর (রা)
গ) হযরত ওসমান (রা)
ঘ) হযরত আলী (রা)

২৫. কোন সূরার ৩৩ ও ৫৯ নং আয়াতে শালীনতা রক্ষা করে চলার কথা উল্লেখ করা হয়েছে?
ক) সূরা নূর  খ) সূরা আহযাব
গ) সূরা নিসা  ঘ) সূরা জুমআ

২৬. হিলফুল ফুযুল কী?
ক) রাজনৈতিক সংঘ  খ) যুব সংঘ
গ) শান্তিসংঘ  ঘ) শিশুসংঘ

২৭. 'হিলফুল ফুযুল' গঠনের উদ্দেশ্য কী ছিল?
ক) ইসলাম প্রচার
খ) জ্ঞান-বিজ্ঞানের প্রসার ঘটানো
গ) শান্তি-শৃঙ্খলা ও সম্প্রীতি প্রতিষ্ঠা করা
ঘ) ব্যবসায় উন্নতি করা

২৮. মুনাফিকদের চিহ্ন কতটি?
ক) একটি  খ) দুইটি
গ) তিনটি  ঘ) চারটি

২৯. ইসলামের সকল শিক্ষা কোন বিশ্বাসের ওপর প্রতিষ্ঠিত?
ক) রিসালাত  খ) আখিরাত
গ) তাওহিদ  ঘ) তাকদির

৩০. মহানবি (স) ফসল ফলানোকে অবিরত দান বলেছেন কারণ এতে—
ক) আর্থিক সচ্ছলতা আসে  খ) সুনাম অর্জিত হয়
গ) সৃষ্টজীব উপকৃত হয়  ঘ) খাদ্য সংকট দূর হয়

৩১. হযরত ওমর (রা) নির্মাণ করেন—
i. মসজিদ
ii. হাসপাতাল
iii. বিদ্যালয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৩২. কোন কাজ মানুষের সৎকর্মগুলোকে খেয়ে ফেলে?
ক) হিংসা  খ) ফিৎনা
গ) গিবত  ঘ) প্রতারণা

৩৩. "মিসকালুন" শব্দের অর্থ কী?
ক) পরিমাপ  খ) খুব কম
গ) পরিমাণ  ঘ) ক্ষুদ্রতম

৩৪. জনাব মামুন বিতর সালাত আদায় না করে ঘুমিয়ে পড়েছেন এবং ফজরের পূর্বে আর জাগ্রত হতে পারেননি। এক্ষেত্রে শরিয়তের কোন বিধান লঙ্ঘিত হয়েছে?
ক) ফরয  খ) ওয়াজিব
গ) সুন্নাত  ঘ) মুস্তাহাব

৩৫. ফুরকান শব্দের অর্থ কী?
ক) সত্য-মিথ্যার পার্থক্যকারী
খ) হেদায়েত ও ভ্রষ্টতার মধ্যে পার্থক্যকারী
গ) আসমান ও যমিনের মধ্যে পার্থক্যকারী
ঘ) আলো অন্ধকারের মধ্যে পার্থক্যকারী

৩৬. ম্যাগনিফাইং গ্লাস কে আবিষ্কার করেন?
ক) নিউটন
খ) ইবনে সীনা
গ) আবু বকর আলরাযী
ঘ) হাসান ইবনে হাইসাম

৩৭. হযরত আলী (রা) কত বছর বয়সে ইসলাম গ্রহণ করেন?
ক) আট  খ) নয়
গ) দশ  ঘ) এগার

৩৮. নবি রাসুলগণের শিক্ষা প্রচারের ভিত্তি ছিল—
i. তাওহিদ
ii. আল্লাহর একত্ববাদ
iii. ইলম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৩৯. রুমা কূপ কোথায় অবস্থিত?
ক) মক্কায়  খ) ইয়ামেনে
গ) মদিনায়  ঘ) সিরিয়ায়

৪০. বায়তুল মাল কী?
ক) সুন্দর ঘর  খ) মাল গুদাম
গ) টাকশাল  ঘ) রাষ্ট্রীয় কোষাগার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com